

উপক্রমণিকা (Preamble)

সরকারিদপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প, সরকারের সার্বিক উন্নয়ন অগ্রাধিকার, বিশেষত: প্রেক্ষিত পরিকল্পনা, ৮ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা, এসডিজি, ডেল্টাপ্ল্যান এবং বাংলাদেশ আওয়ামীলীগের নির্বাচনী ইশতেহারে (খাদ্য ও পুষ্টির নিরাপত্তা এবং কৃষিভিত্তিক শিল্প ও বাণিজ্যিকীকরণ) কৃষিমন্ত্রণালয় সম্পর্কিত পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে মন্ত্রণালয়ের উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কুষ্টিয়া

এবং

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মধ্যে
২০২৩ সালের...মাসের...তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

ভবিষ্যৎ পরিকল্পনা

- সরেজমিন গবেষণা বিভাগ, কুষ্টিয়ার জন্য নিজস্ব অফিস ও ৪টি এমএনটি সাইটের ভাড়া অফিসগুলোকে নিজস্ব স্থায়ী অবকাঠামো তৈরি করা;
- বারি উদ্ভাবিত প্রযুক্তিসমূহ হস্তান্তরের জন্য বিজ্ঞানী, বৈজ্ঞানিক সহকারী ও কৃষকদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান;
- বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের বীজ উৎপাদন ও বিস্তার করা;
- ফসল উৎপাদনে সমস্যাবহুল এলাকা বেমন- খরাপ্রবণ ও চরপ্রান্তে গবেষণা কার্যক্রম স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া;
- জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য টেকসই প্রযুক্তি উদ্ভাবন।

২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- বিভিন্ন ফসলের ০১টি প্রযুক্তি উদ্ভাবন।
- ফসল উৎপাদনে বিভিন্ন প্রযুক্তির উপর ৩০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান।
- বিভিন্ন গবেষণা এলাকায় বিভিন্ন ফসলের ওপর ৮টি প্রযুক্তি প্রদর্শনী স্থাপন করা।
- কৃষকদের নিকট ১টি নতুন জাত ও ১টি প্রযুক্তি হস্তান্তর করা।
- বিভিন্ন খামার পদ্ধতি গবেষণা ও উন্নয়ন এলাকা এবং বহুস্থানিক গবেষণা এলাকায় ১০০০ কেজি জৈব সার উৎপাদন এবং বিতরণ;
- বিভিন্ন ফসলের বিভিন্ন জাতের মান ঘোষিত বীজ ২০০ কেজি উৎপাদন এবং বিতরণ;
- বিভিন্ন সবজি ও ফলের ৫০০টি চারা উৎপাদন এবং ৫০০টি চারা বিতরণ;
- বিভিন্ন গবেষণা এলাকায় বিভিন্ন ফসলের জাত ও প্রযুক্তির ওপর ১টি মঠ দিবস আয়োজন করা।